চোট সারিয়ে কোর্টে ফিরেই চেনা মেজাজে রাফায়েল নাদাল। বৃহস্পতিবার ব্রিসবেন ওপেনের প্রি-কোয়ার্টার ফাইনালে স্ট্রেট সেটে জয় ছিনিয়ে নিলেন স্প্যানিশ মহাতারকা। অজি প্রতিপক্ষ জেসন কুবলেরকে তিনি হারালেন ৬-১, ৬-২ ব্যবধানে। উল্লেখ্য, প্রথম ম্যাচে রাফা বশ মানিয়েছিলেন র‍্যাঙ্কিংয়ে তৃতীয় স্থানে থাকা দিমিত্রি থিয়েমকে। দাপটে শেষ আটে পৌঁছে নাদাল জানান, 'লম্বা বিরতির পর আবারও চেনা ছন্দে ফিরতে পেরে ভালো লাগছে। পর পর দু'টি জয় অবশ্যই আত্মবিশ্বাস বাড়াবে।'

এত দ্রুত ম্যাচ শেষ হবে ভাবিনি: বুমরাহ

কেপ টাউন: ২০১৮ সালে নিউল্যান্ডসেই টেস্ট অভিষেক হয়েছিল যশপ্রীত বুমরাহর। এই ভেন্যুতেই বৃহস্পতিবার বল হাতে রীতিমতো আগুন ঝরালেন ভারতের এই তারকা পেসার। দ্বিতীয় ইনিংসে ৬টি উইকেট নিয়ে দক্ষিণ আফ্রিকার ব্যাটিংয়ে ধস নামান তিনি। দুই ইনিংস মিলিয়ে মোট আট উইকেট নিয়ে সিরিজের সর্বাধিক উইকেট সংগ্রহকারী হলেন বুমরাহ (১২)। ডিন এলগারের সঙ্গে যৌথভাবে সিরিজের সেরাও হয়েছেন তিনি। পুরস্কার বিতরণী মঞ্চে ভারতীয় পেসার বলছিলেন, 'নিউল্যান্ডসেই আমার টেস্টে পথচলা শুরু হয়েছিল। তাই এই মাঠের সঙ্গে অনেক স্মৃতি জড়িয়ে। দলকে জেতাতে পেরে খুব ভালো লাগছে। তবে এতো দ্রুত ম্যাচ শেষ হয়ে যাবে ভাবিনি। আমাদের বোলিং বিভাগ কিছুটা অনভিজ্ঞ ছিল। তা সত্ত্বেও আমরা সেরাটা মেলে ধরতে সফল।'

বুমরাহর সংযোজন, 'সাম্প্রতি আমাদের বোলিং ইউনিট বিদেশের মাটিতে দারুণ পারফরম্যান্স মেলে ধরেছে। এখন দল পালাবদলের মধ্য দিয়ে যাচ্ছে। নবাগতরা আগ্রসনের সঙ্গে লড়াই করেছে। সেই কারণে দক্ষিণ আফ্রিকা বিরুদ্ধে প্রথম টেস্ট হেরেও সিরিজেও আমরা দুরন্ত প্রত্যাবর্তন করেছি।' বুমরাহের পাশাপাশি নিউল্যান্ডসে বল হাতে দাগ কেটেছেন মহম্মদ সিরাজও। প্রথম ইনিংসে একাই ৬টি উইকেট তুলে নেন তিনি। সেই সুবাদে ম্যাচের সেরা পুরস্কারও পেয়েছেন হায়দরাবাদি পেসার। সিরাজের কথায়, 'টেস্টে এটা আমার সেরা বোলিং ফিগার। প্রথম ম্যাচে বল হাতে আমি ধারাবাহিক ছিলাম না। অনেক রানও খরচ করেছি। সেই ভুল থেকে শিক্ষা নিয়ে নিউল্যান্ডসে সঠিক জায়গায় বল রেখেই এসেছে সাফল্য।' পাশাপাশি সতীর্থ বুমরাহর প্রশংসা করেছেন সিরাজ। তাঁর মন্তব্য, 'বুমরাহ ভাই পাশে থাকলে কাজটা অনেক সহজ হয়ে যায়। আমরা দু'জনে আলোচনা করে সঠিক পরিকল্পনা করে বল করি।'

ট্রফি নিয়ে দু'দলের ফটোসেশন

হাবাসকে নিয়ে আশা-আশঙ্কায় প্রাক্তনীরা

সঞ্জয় সরকার • কলকাতা

এএফসি কাপ থেকে বিদায়। আইএসএলে টানা তিন ম্যাচে হার। তারপরই কোচ বদলের চেনা পথে হাঁটল মোহন বাগান। হুয়ান ফেরান্দোকে সরিয়ে দায়িত্ব দেওয়া হয়েছে আন্তোনিও লোপেজ হাবাসকে। অতীতে কলকাতার দলটির হয়ে জোড়া সাফল্য রয়েছে এই স্প্যানিশ কোচের। তবে চাপ সেভাবে সামলাতে হয়নি তাঁকে। বরং ২০২১ সালে মাত্র দু'টি ম্যাচ হার ও দুটো ড্রয়ের পর হাবাসকে ছাঁটাই করে এটিকে মোহন বাগান। এবার কি তাঁর হাত ধরে ঘুরে দাঁড়াবে পালতোলা নৌকা? নাকি আরও বাড়বে লজ্জা? আশা-আশঙ্কার দোলাচলে তিন বিখ্যাত প্রাক্তন ফুটবলার।

সুব্রত ভট্টাচার্য: মোহন বাগানের খেলায় এই অধঃপতনটা হওয়ারই ছিল। মরশুমের শুরু থেকেই একাধিক দুর্বলতা চোখে পড়েছে। পরিকল্পনাহীন রক্ষণ, আক্রমণভাগে বৈচিত্র্যের অভাব তো প্রকট। থার্ডম্যান মুভ থেকে ক'টা গোল এসেছে, কেউ বলতে পারবে না। হুয়ান ফেরান্দো ভাগ্যের জোরে গতবার চ্যাম্পিয়ন হয়েছিল। তাই টিকে যায়। হাবাসও যে রাতারাতি দারুণ কিছু করে দেখাবে, তা জোর দিয়ে বলা সম্ভব নয়। সব থেকে বড় কথা, মোহন বাগান সমর্থকদের প্রত্যাশার চাপ নেওয়ার ক্ষমতা হাবাসের নেই। এখান থেকে ঘুরে দাঁড়াতে হলে রক্ষণ থেকে আক্রমণ— সব বিভাগেই উন্নতি প্রয়োজন।

শিশির ঘোষ: দল খারাপ খেললে দায় নিতে হয় কোচকেই। মোহন বাগানের ক্ষেত্রেও তেমনটাই হয়েছে। এতে কোনও ভুল নেই। তবে শুধুমাত্র কোচ বদলে কি সব সমস্যার সমাধান সম্ভব? ফুটবলারদের দায়বদ্ধতা থাকবে না! এখন সবাই পেশাদার। অথচ মরশুমের মাঝপথে চোট পেয়ে দিনের পর দিনের মাঠের বাইরে বসে থাকছে তারা। দলের প্রতি বিন্দুমাত্র আন্তরিকতা নেই। হাবাস হাই-প্রোফাইল কোচ। তাঁর হাত ধরে অবশ্যই মোহন বাগান ঘুরে দাঁড়ানোর চেষ্টা করবে। তবে ফুটবলারদের আরও বেশি দায়িত্ব নিতে হবে। একইসঙ্গে বলব, এবার মোহন বাগানের দল গঠনের ক্ষেত্রে গলদ রয়েছে। পরিকল্পনা ছাড়াই শুধুমাত্র নামের পিছনে দৌড়েছেন কর্তারা। মরশুমের শুরুতে কার্ল ম্যাকহাগ, প্রীতম কোটালের মতো ফুটবলারকে ছাড়ার মাশুল দিতে হচ্ছে।

দীপেন্দু বিশ্বাস: ফেরান্দোর ব্যর্থতার অন্যতম কারণ হল রক্ষণের ভরাডুবি। আর তা হয়েছে আনোয়ার আলি চোট পেয়ে ছিটকে যেতেই। তবে হাবাসের অ্যাডভান্টেজ হল, ও দায়িত্ব নেওয়ার সময় আনোয়ারকে পেয়ে যাবেন। পাশাপাশি জাতীয় দলের ফুটবলাররাও চলে আসবে। লিস্টনের কার্ড সমস্যাও মিটে যাবে। তাছাড়া স্প্যানিশ কোচ আগেও মোহন বাগানের দায়িত্ব সামলেছেন। ফলে তাঁর ফুটবল ধারণার সঙ্গে ফুটবলারদের মানিয়ে নিতে খুব একটা সমস্যা হবে না। তবে দিনের শেষে কোচ শুধুই স্ট্র্যাটেজি গড়ে দেবেন। মাঠে তা প্রতিফলিত করার দায়িত্ব ফুটবলারদের। এই মোহন বাগান দলে অনেক ভালো মানের খেলোয়াড় রয়েছে। আপফ্রন্টে কামিংস-সাদিকুদের মধ্যে সমস্যা রয়েছে ঠিকই। তবে আশা করছি, এই কঠিন সময় তারা দ্রুত কাটিয়ে উঠবে।

ডেভিড কাপের দলে প্রাজওয়াল: পাকিস্তানের বিরুদ্ধে ডেভিড কাপের টাইয়ে ভারতীয় দলে সুযোগ পেলেন এসডি প্রাজওয়াল দেব। দিগবিজয় সিং সরে দাঁড়ানোর পরিবর্ত হিসেবে জায়গা করে নিলেন তিনি। উল্লেখ্য, ৩-৪ ফেব্রুয়ারি ইসলামাবাদে চিরপ্রতিদ্বন্দ্বীর মুখোমুখি হওয়ার কথা ভারতের। তবে পাকিস্তানের খেলতে যাওয়া নিয়ে এখনও কেন্দ্রীয় সরকারের ছাড়পত্র মেলেনি।

স্বপ্নপূরণেই থামতে নারাজ ছাংতে

দোহা: ভারতীয় দলের আপফ্রন্টের অন্যতম ভরসা তিনি। অধিনায়ক সুনীল ছেত্রীর সঙ্গে লালিয়ানজুয়ালা ছাংতের বোঝাপড়ার উপর অনেকটাই নির্ভর করবে আসন্ন এশিয়ান কাপে স্টিমাচ ব্রিগেডের ভাগ্য। ক্লাব ফুটবলে আল হিলাল, নাসাজি মাজানদারেন ও পিএফসি নাভবাহোর বিরুদ্ধে খেলার অভিজ্ঞতা এবার দেশের জার্সিতে কাজে লাগাতে চান তিনি। ২০১৯ এএফসি এশিয়ান কাপে সুযোগ না হলেও, এবার ভারতীয় দলের উল্লেখযোগ্য সদস্য এই ২৬ বছর বয়সি উইঙ্গার। ছাংতেও এশিয়ান গেমসের মতো বড় আসরে ভালো কিছু করতে মরিয়া। ফেডারেশন ওয়েবসাইটে দেওয়া সাক্ষাৎকারে এই মিজো ফুটবলার জানান, 'দেশের হয়ে এতো বড় মঞ্চে প্রতিনিধিত্ব করা সত্যিই গর্বের। এশিয়ান কাপে খেলা আমার কাছে স্বপ্নপূরণের চেয়েও বেশি কিছু। ২০১৯ সালে অল্পের জন্য চূড়ান্ত দলে জায়গা হয়নি। তবে এবার সুযোগ পুরোপুরি কাজে লাগাতে চাই।'

গত এক বছরে অনেকটাই পরিণত হয়েছেন ছাংতে। ক্লাব ও দেশের জার্সিতে নিয়মিত গোল রয়েছে তাঁর। ২০২৩ সাল তাঁর কাছে ছিল স্বপ্নের মতো। মুম্বই সিটির হয়ে আইএসএল লিগ শিল্ড জয়ের পাশাপাশি ভারতের হয়ে ত্রিদেশীয় টুর্নামেন্ট, ইন্টারকন্টিনেন্টাল কাপ ও সাফ কাপ খেতাবের স্বাদ পান ছাংতে। অথচ ২০২১ সালে চোট প্রশ্নের মুখে ঠেলে দিয়েছিল তাঁর ফুটবল কেরিয়ার। কঠিন সময়ে কখনও দমে যাননি এই তরুণ উইঙ্গার। তাঁর কথায়, 'এখন আমি অনেক বেশি পরিণত। গত কয়েক বছরে ফুটবল আমার অনেক কিছু শিখিয়েছে। বিশেষত কঠিন সময়ে নিজেকে কীভাবে শক্ত রাখতে হয়, তা এখন আমার জানা। ২০২১ সালে চোটের জন্য দল থেকে বাদ পড়ার পর ভাবিনি, ফের দেশের হয়ে খেলতে পারব। তবে কখনও হার মানিনি। তার ফলেই আজ নিজেকে এই পর্যায়ে নিয়ে যেতে পেরেছি। কোন পরিস্থিতিতে কী করণীয়, তা এখন আমার নখদর্পণে।'

অনুশীলনে ছাংতে-অনিরুদ্ধরা

বিশ্ব ব্রেইল দিবস উপলক্ষে লায়ন্স ক্লাব ও ত্রিপুরা ব্লাইন্ড কমিটির উদ্যোগে আগরতলায় দাবা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল। তারই একটি মুহূর্ত। ছবি: অভিষেক দাস

আজ শুরু টি-২০ সিরিজ

মুম্বই: অস্ট্রেলিয়ার কাছে ওয়ান ডে সিরিজে হোয়াইটওয়াসের ক্ষত এখনও দগদগে হরমনপ্রীত কাউরদের। তারই মধ্যে শুক্রবার অজি বাহিনীর বিরুদ্ধে টি-২০ সিরিজে মাঠে নামছে ভারতীয় মহিলা দল। এ বছরই রয়েছে টি-২০ বিশ্বকাপ। তার আগে এই তিন ম্যাচের সিরিজ খুবই গুরুত্বপূর্ণ স্মৃতি মন্ধানাদের কাছে। একমাত্র টেস্টে স্মরণীয় জয় পেলেও ওয়ান ডে'তে মুখ থুবড়ে পড়েছিল ভারতের মহিলা দল। ক্রিকেটের সংক্ষিপ্ততম ফরম্যাটে তাই জয়ে ফিরতে মরিয়া হরমনপ্রীতরা।

রনজিতে আজ নামছে বাংলা

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: রনজি ট্রফিতে শুক্রবার অন্ধ্রপ্রদেশের বিরুদ্ধে নামছে বাংলা। বিশাখাপত্তনমে জয় দিয়ে টুর্নামেন্টে অভিযান শুরু করাই লক্ষ্য বঙ্গ ব্রিগেডের। তবে অন্ধ্রপ্রদেশেও হনুমা বিহারি, রিকি ভুইয়ের মতো ক্রিকেটার রয়েছেন। তাঁরাও বাংলাকে চ্যালেঞ্জ জানাতে প্রস্তুত।

গত মরশুমে রনজি ট্রফির ফাইনালে স্বপ্নভঙ্গ হয়েছিল বাংলার। এবার সেই আক্ষেপ মেটানোই লক্ষ্য মনোজ তিওয়ারির নেতৃত্বাধীন দলের। তবে প্রথম ম্যাচে শাহবাজ আহমেদ, অভিমন্যু ঈশ্বরণ, মুকেশ কুমারকে পাচ্ছে না লক্ষ্মীরতন শুক্লার দল। তাঁদের অভাব ঢাকতে বাড়তি দায়িত্ব নিতে হবে সুদীপ ঘরামি-ঈশান পোড়েলদের। সাদা বলের ক্রিকেটে ব্যাট হাতে ফর্মে ছিলেন অনুষ্টুপ, সুদীপরা। লাল বলের ক্রিকেটেও সেই ছন্দ ধরে রাখতে বদ্ধপরিকর তাঁরা। বোলিংয়ে বড় ভরসা ঈশান পোড়েল, আকাশদীপরা। এছাড়া শ্রেয়াংস ঘোষ, সৌরভ পালের মতো তরুণ তুর্কিরাও দলে রয়েছেন। কোচ লক্ষ্মীরতনের কথায়, 'প্রতিযোগিতার প্রথম ম্যাচ সর্বদাই কঠিন। তবে আমরা জয়ের লক্ষ্যেই নামব। ওপেনিংয়ে তরুণদের পরখ করে নেওয়ার সুযোগ রয়েছে। তবে বোলিং কম্বিনেশন ঠিক হবে ম্যাচের দিন সকালেই।'

যুব লিগে জয়ী ইস্ট বেঙ্গল, মোহন বাগান

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: অনূর্ধ্ব-১৭ এলিট লিগে পিছিয়ে থেকেও দুরন্ত জয় ছিনিয়ে নিল ইস্ট বেঙ্গল। বৃহস্পতিবার বারাকপুর স্টেডিয়ামে ওড়িশা এফসি'কে ৩-২ গোলে হারাল তারা। লাল-হলুদ ব্রিগেডের হয়ে স্কোরশিটে নাম তোলেন যথাক্রমে গুরনাজ গেরওয়াল, দেবজিৎ রায় ও দীপু সরদার। চলতি টুর্নামেন্টে এটা ইস্ট বেঙ্গলের চতুর্থ জয়। দিনের অপর ম্যাচে যুব লিগের মিনি ডার্বিতে মহমেডান স্পোর্টিংকে ১-০ গোলে হারাল মোহন বাগান। ঘরের মাঠে সবুজ-মেরুন ব্রিগেডের হয়ে একমাত্র গোলটি প্রীতম গাইনের। হারলেও প্রতিপক্ষকে কড়া চ্যালেঞ্জ ছুড়ে দিয়েছিল সাদা-কালো শিবিরের যুব ফুটবলাররা। তবে সবুজ-মেরুন গোলরক্ষকের দুরন্ত পারফরম্যান্সের কাছে আটকে যেতে হয় তাদের।

এদিকে, মহিলা আই লিগে হারের হ্যাটট্রিক ইস্ট বেঙ্গলের। বৃহস্পতিবার ঘরের মাঠে হোপস এফসি'র কাছে ০-১ গোলে বশ মানল তারা। ম্যাচে একমাত্র গোলটি গ্লাডিস এমফোবার।

রুডিগারের গোলে জিতল রিয়াল মাদ্রিদ

রিয়াল মাদ্রিদ-১ (রুডিগার) : মায়োরকা-০

মাদ্রিদ: জয় দিয়ে নতুন বছর শুরু হল রিয়াল মাদ্রিদের। বুধবার ঘরের মাঠে মায়োরকাকে ১-০ গোলে হারাল কার্লো আনসেলোত্তি ব্রিগেড। বিপক্ষ জাল কাঁপিয়ে দলকে স্বস্তি দিলেন আন্তোনিও রুডিগার। এই জয়ের সুবাদে ১৯ ম্যাচে ৪৮ পয়েন্ট নিয়ে লিগ টেবিলের মগডালে রিয়াল। উল্লেখ্য, ১৮ ম্যাচ অপরাজয়ের তকমা বজায় রাখল আনসেলোত্তির দল। গত ২৮ সেপ্টেম্বর আতলেতিকো মাদ্রিদের কাছে শেষবার ১-৩ গোলে হেরেছিল মাদ্রিদ জায়ান্টরা।

শক্তিশালী রিয়াল মাদ্রিদের বিরুদ্ধে রক্ষণ জমাট রাখতে পাঁচ ডিফেন্ডারে দল সাজিয়েছিলেন মায়োরকা কোচ হাভিয়ার আগুইরে। ম্যাচের ১৪ মিনিটে জুডে বেলিংহ্যামের ডাইভিং হেড বিপন্মুক্ত করেন গোলকিপার প্রেডাক রাইকোভিচ। এর পরেও বহু সুযোগ পেয়েও কাজে লাগাতে ব্যর্থ ভিনিসিয়াস জুনিয়র, রডরিগোরা। ফলে কাঙ্ক্ষিত গোলের জন্য রিয়ালকে অপেক্ষা করতে হয় ৭৮ মিনিট পর্যন্ত। কর্নার থেকে আসা সেন্টারে হেড করে জাল কাঁপান জার্মান ডিফেন্ডার রুডিগার (১-০)। লা লিগার অন্য ম্যাচে আতলেতিকো মাদ্রিদকে ৪-৩ গোলে হারাল জিরোনা। ১৯ ম্যাচে তাদেরও পয়েন্ট ৪৮। তবে গোল পার্থক্যে পিছিয়ে থাকায় তারা দ্বিতীয় স্থানে। সমসংখ্যক ম্যাচে ৩৮ পয়েন্ট সংগ্রহ করে তৃতীয় আতলেতিকো।

GOVERNMENT OF WEST BENGAL

West Bengal Police Recruitment Board
Araksha Bhawan(5th Floor), 6th Cross Road, Block-DJ, Sector-II, Salt Lake City, Kolkata-700 091

RECRUITMENT TO THE POST OF CONSTABLES/ LADY CONSTABLES IN KOLKATA POLICE - 2022

Advertisement No. 01/2024/WBPRB

The West Bengal Police Recruitment Board has published the result of Final Written Examination for recruitment to the post of **Constables/Lady Constables in Kolkata Police - 2022** and uploaded the same in the websites of **West Bengal Police Recruitment Board** (https://prb.wb.gov.in); **West Bengal Police** (www.wbpolice.gov.in) and **Kolkata Police** (**www.kolkatapolice.gov.in**). Candidates are requested to search their result on keying of their **Application Sl. No.** and **Date of Birth**.
The shortlisted candidates will have to appear in the Interview which will commence on and from **18.01.2024**. The e-Call Letters will be available in the above mentioned websites **tentatively** from **08.01.2024**. Candidates are advised to follow the instructions on their e-Call Letter and visit the above-mentioned websites for further details.

ICA-N7(6)/2024

KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER

ABRIDGED NIT

The Director General (Civil), KMC invites tender online percentage rate in two bid system for the following work:

NIT No.: KMC/DG/(C)BR-VII/067/15/23-24/R (2nd call)

Name of the work: **Improvement of drainage system at Picnic Garden Road from Premises No. 173V to 173Z in Ward No. 67.** Estimated Cost (incl. GST & CESS): ₹ **12,20,336.30.** Earnest Money: ₹ **24,450.00.** Period of Completion: **60 Days.** Bid submission start date: **02.01.2024 at 5 p.m.** Bid submission closing date: **19.01.2024 at 5 p.m.** Opening of Technical Bid (online): **22.01.2024 at 1 p.m.** The bid forms and other details are available on and from **02.01.2024 at 5 p.m.** from the website **https://etender.wb.nic.in**

The Controlling Officer (IT), KMC is inviting e-Tenders for the following:

NIT No.: KMC/IT/28/2023-2024

Name of the work: **Procurement of 25 (Twenty Five) numbers of new Face Based Biometric Attendance Devices for installation at various offices of Solid Waste Management Department, KMC with 3 (three) years support and maintenance.** Cost of Tender: **NIL.** Earnest Money: ₹ **40,000.00 (Rupees Forty Thousand only).** Project Period: **3 (three) years.** Last date & time for submitting bids: **24.01.2024 upto 2 p.m.** Tender document will be available at **https://www.kmcgov.in** and at **https://wbtenders.gov.in** from **12:30 p.m. of 05.01.2024. e-Tenders** are to be submitted at **https://wbtenders.gov.in**

1215/23-24

GOVERNMENT OF WEST BENGAL

West Bengal Police Recruitment Board
Araksha Bhawan (5th floor), 6th Cross Road, Block - DJ, Sector - II, Salt Lake City, Kolkata - 700 091

RECRUITMENT TO THE POSTS OF LADY CONSTABLE IN WEST BENGAL POLICE - 2023

Advertisement No. 24/2023/ WBPRB

The date of Final Written Examination for recruitment to the posts of **Lady Constable in West Bengal Police – 2023** has been scheduled **on 21.01.2024 (Sunday).** The e-Admit Card will be available on the websites of **West Bengal Police Recruitment Board (https://prb.wb.gov.in)** and **West Bengal Police (https://wbpolice.gov.in)** from **10.01.2024** on keying of their **Application Serial No.** and **Date of Birth.** The candidates shall have to produce the print out of their e-Admit cards at the allotted venues for appearing in the said examination with a proper and original proof of identity. The candidates are strongly advised not to carry any articles declared as prohibited in **Sl. No. 7** of Important Instructions given in the Admit Card. The candidates are also advised to follow the instructions given on the Admit Card and visit the websites of **West Bengal Police Recruitment Board (https://prb.wb.gov.in) and West Bengal Police (https://wbpolice.gov.in)** on a regular basis.

MOBILE PHONE, BLUETOOTH ENABLED HEARING DEVICE, PORTABLE SCANNERS, DIGITAL WRIST WATCHES INCLUDING SMART WATCHES, CALCULATORS OR ANY OTHER MATERIAL FOR CHEATING IS STRICTLY PROHIBITED FROM BEING TAKEN INTO THE VENUE AND STRICT LEGAL ACTION WILL BE TAKEN AGAINST THOSE FOUND IN POSSESSION AT THE TIME OF ENTRY OR USE DURING THE COURSE OF TEST. WEARING OF HIGH HEELED FOOTWEAR IS ALSO PROHIBITED. ANY TYPE OF CANVASSING DURING THE RECRUITMENT PROCESS WILL LEAD TO CANCELLATION OF CANDIDATURE WITHOUT RECOURSE TO REPRESENTATION.

ICA-N5(6)/2024

INFORMATION WANTED

This is the photograph of **Nargish Khatun** Daughter of **Babu Molla**, of Balgona, PS-Bhatar, PO-Balgona, 713125, who has been missing since 26.11.2023 from Residence, Bhatar, Burdwan, W.B., Description of this missing person is :**Age-**14 Years, **Complexion**-Fair, **Height**-153 cms., **Wearing-**Pink Churidar, Black Pant, **Language**-Bengali. Please inform whereabouts of the missing person, to the Spl. Supdt. of Police, C.I.D. (W.B.), Bhabani Bhaban, Kolkata-700027, Ph. No.-033-2450-6120.

ICA-D9(2)/2024

INFORMATION WANTED

This is the photograph of **Rimi Jana** Daughter of **Bhim Jana**, of Vill-08 No Srirampur, PO-Madhabnagar, PS-Harwood Point Coastal, 743374, who has been missing since 11.11.2023 from Residence, Harwood Point Coastal, Sundarban Police District, W.B., Description of this missing person is :**Age-**16 Years, **Complexion**-Fair, **Height**-153 cms., **Wearing-**Pink Salwar Kamij, **Language**-Bengali. Please inform whereabouts of the missing person, to the Spl. Supdt. of Police, C.I.D. (W.B.), Bhabani Bhaban, Kolkata-700027, Ph. No.-033-2450-6120.

ICA-D10(2)/2024

INFORMATION WANTED

This is the photograph of **Sona Rani Ray** Daughter of **Rabon Roy**, of Itapukur, PO+PS-Chakdah, 741101, who has been missing since 23.11.2023 from Residence,Chakdah, Ranaghat Police District, W.B., Description of this missing person is :**Age-**16 Years, **Complexion**-Fair, **Height**-138 cms., **Wearing-**Blue Churidar, **Language**-Bengali. Please inform whereabouts of the missing person, to the Spl. Supdt. of Police, C.I.D. (W.B.), Bhabani Bhaban, Kolkata-700027, Ph. No.-033-2450-6120.

ICA-D3(2)/2024

রাইট সুগার ট্যাবলেট

"হ্যাঁ, এখন সম্ভব মধুমেহ নিয়ন্ত্রণ"

- রাইট সুগার ট্যাবলেট মধুমেহ থেকে উৎপন্ন জটিলতাকে কমাতে সহায়তা করে।
- বৈজ্ঞানিক গবেষণার পরিণাম
- ক্লিনিকাল ট্রায়াল দ্বারা প্রমাণিত।

100% আয়ুর্বেদিক

সমস্ত প্রমুখ মেডিকেল এবং আয়ুর্বেদিক স্টোরে উপলব্ধ। সেবনের পদ্ধতি প্যাকিংয়ে উপলব্ধ

FOR BOYS & GIRLS

স্পিড হাইট ক্যাপসুল

কার্যকরী গুণসম্পন্ন ১০০% আয়ুর্বেদিক ওষুধ

INFORMATION WANTED

This is the photograph of **Priya Karmakar Lohara** Daughter of **Amal Karmakar Lohara**, of Vill-Gharpara Berachapa, PO-Debalaya, PS-Deganga, who has been missing since 06.12.2023 from Residence, Deganga, Barasat Police District, W.B., Description of this missing person is :**Age-**16 Years, **Complexion**-Fair, **Height**-158 cms., **Wearing-**Red Chador and Green Nighty, **Language**-Bengali, **Identification Mark**-Cut Mark over the Both Hand with Tattoo. Please inform whereabouts of the missing person, to the Spl. Supdt. of Police, C.I.D. (W.B.), Bhabani Bhaban, Kolkata-700027, Ph. No.-033-2450-6120.

ICA-D8(2)/2024

INFORMATION WANTED

This is the photograph of **Susmita Munda** Daughter of **Niranjan Munda**, of Vill-Kendua Lal Pally, PO-Chaita, PS-Matia, 743445, who has been missing since 12.12.2023 from Residence, Matia, Basirhat Police District, W.B., Description of this missing person is :**Age-**14 Years, **Complexion**-Wheatish, **Height**-153 cms., **Wearing-**Green Shirt, Blue Orna and Black Pant, **Language**-Hindi. Please inform whereabouts of the missing person, to the Spl. Supdt. of Police, C.I.D. (W.B.), Bhabani Bhaban, Kolkata-700027, Ph. No.-033-2450-6120.

ICA-D7(2)/2024

INFORMATION WANTED

This is the photograph of **Shankar Kumar Singh @ Anshu** Son of **Raju Kumar Singh**, of 11-12-13-1 Gulam Hussain Sardar Lane, Ps-Shibpur, who has been missing since 16.12.2023 from Residence, Shibpur, Howrah Commissionerate , W.B., Description of this missing person is :**Age-**14 Years, **Complexion**-Fair, **Height**-163 cms., **Wearing-**White Full Shirt, Blue Jeans Pant, **Language**-Hindi, **Identification Mark**-One Cut Mark in Left Hand. Please inform whereabouts of the missing person, to the Spl. Supdt. of Police, C.I.D. (W.B.), Bhabani Bhaban, Kolkata-700027, Ph. No.-033-2450-6120.

ICA-D6(2)/2024

INFORMATION WANTED

This is the photograph of **Geeta Devi** Daughter of **Anil Singh**, of Ramkrishna Pally, Saltlake Sec Ii, PS-Bidhannagar East, PO-Sech Bhawan, 700091, who has been missing since 08.12.2023 from Residence, Bidhannagar (East) Bidhannagar Commissionerate, W.B., Description of this missing person is :**Age-**17 Years, **Complexion**-Sallow, **Height**-158 cms., **Wearing-**Pink Salower, Leggings, **Language**-Hindi. Please inform whereabouts of the missing person, to the Spl. Supdt. of Police, C.I.D. (W.B.), Bhabani Bhaban, Kolkata-700027, Ph. No.-033-2450-6120.

ICA-D5(2)/2024

INFORMATION WANTED

This is the photograph of **Disha Biswas** Daughter of **Sanjoy Biswas**, of East Shibachal Battala S V Road, Birati, PS-Nimta, PO-Nimta, 700049, who has been missing since 04.04.2022 from Residence, Nimta, Barrackpore Commissionerate, W.B., Description of this missing person is :**Age-**15 Years, **Complexion**-Sallow, **Height**-163 cms., **Language**-Bengali. Please inform whereabouts of the missing person, to the Spl. Supdt. of Police, C.I.D. (W.B.), Bhabani Bhaban, Kolkata-700027, Ph. No.-033-2450-6120.

ICA-D4(2)/2024

ফর্ম এ

জনসাধারণের প্রতি ঘোষণা

[ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্সি বোর্ড অব ইন্ডিয়া (ইনসলভেন্সি রেজোলিউশন প্রসেস ফর কর্পোরেট পার্সনস) রেগুলেশনস, ২০১৬-এর রেগুলেশন ৬ অধীনে]

হিরন্ময়ী এনার্জি লিমিটেডের (পূর্বে ইন্ডিয়া পাওয়ার কর্পোরেশন (হলদিয়া) লিমিটেড নামে পরিচিত) ক্রেডিটরগণের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে

সংশ্লিষ্ট বিবরণ

১.	কর্পোরেট ডেটরের নাম	হিরন্ময়ী এনার্জি লিমিটেড (পূর্বে ইন্ডিয়া পাওয়ার কর্পোরেশন (হলদিয়া) লিমিটেড নামে পরিচিত)
২.	কর্পোরেট ডেটরের ইনকর্পোরেশনের তারিখ	২৮/০৪/২০০৮
৩.	যে কর্তৃপক্ষের অধীনে কর্পোরেট ডেটর অন্তর্ভুক্ত/ নিবন্ধিত	রেজিস্ট্রার অব কোম্পানিজ-কলকাতা
৪.	কর্পোরেট ডেটরের কর্পোরেট আইডেন্টিটি নং./ লিমিটেড লায়াবিলিটি আইডেন্টিফিকেশন নং.	ইউ৪০১০৫ডব্লুবি২০০৮পিএলসি১২৫২২০
৫.	কর্পোরেট ডেটরের নিবন্ধিত কার্যালয় এবং প্রধান কার্যালয়ের (যদি থাকে) ঠিকানা	প্লট X, ১, ২ এবং ৩, ৩য় তল, ব্লক ইপি, সেক্টর V, সল্টলেক, কলকাতা-৭০০০৯১
৬.	কর্পোরেট ডেটরের ইনসলভেন্সি আরম্ভের তারিখ	০২/০১/২০২৪ (৩ জানুয়ারি, ২০২৪ তারিখে লিখিত আদেশ মারফত যোগাযোগ করা হয়েছিল)
৭.	ইনসলভেন্সি রেজোলিউশন প্রসেস বন্ধের আনুমানিক তারিখ	৩০/০৬/২০২৪
৮.	ইন্টারিম রেজোলিউশন প্রফেশনাল হিসাবে কর্মরত ইনসলভেন্সি প্রফেশনালের নাম এবং রেজিস্ট্রেশন নম্বর	**ভুবন মদন** **রেজি নং.:** আইবিবিআই/আইপিএ-০০১/আইপি-পি০১০০৪/২০১৭-২০১৮/১১৬৫৫ **এএফএ বৈধতা:** ২৪/১২/২০২৪
৯.	বোর্ডে নথিভুক্ত অনুসারে ইন্টারিম রেজোলিউশন প্রফেশনালের ঠিকানা এবং ই-মেল	এ-১০৩, অশোক বিহার ফেজ-৩, নিউ দিল্লি-১১০০৫২ **ইমেল:** madan.bhuvan@gmail.com
১০.	ইন্টারিম রেজোলিউশন প্রফেশনালের সঙ্গে যোগাযোগের জন্য ব্যবহৃত ঠিকানা এবং ই-মেল	সিজিএইচ ২১২-২১৩ডিএলএফ ক্যাপিটাল গ্রীন, শিবাজী মার্গ, দিল্লি-১১০০১৫ **ইমেল**- claims.hiranmaye@gmail.com
১১.	দাবি জমার শেষ তারিখ	১৭/০১/২০২৪
১২.	ইন্টারিম রেজোলিউশন প্রফেশনাল কর্তৃক নির্ধারিত সেকশন ২১-এর সাব-সেকশন (৬এ)-এর ক্লজ (বি) অধীনে ক্রেডিটরগণের শ্রেণী, যদি থাকে	প্রয